দৈনিক ইনকিলাব

তারিখ ... NOV 15 1999
পৃষ্ঠা ... কলাম ...

298

### আওয়ামী লীগ নেতাদের সাথে শিক্ষকদের মতবিনিময়

# চার দলের ঐক্য অশুভ লক্ষণ ঃ মুক্তিযুদ্ধের পক্ষের শিক্ষকরা আওয়ামী লীগকে সমর্থন করবে

ইনকিলাব রিপোর্ট ঃ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ও শিক্ষক সংগঠনের নেতৃবৃন্দ আওয়ামী লীগ নেতৃবৃন্দের সাথে মত বিনিময়কালে বলেছেন, চার দলের ঐক্য একটি অশুভ লক্ষণ। মুক্তিযুদ্ধের পক্ষের শিক্ষক-বুদ্ধিজীবীরা এই ঐক্যে উদ্বিগ্ন। আওয়ামী লীগ এই অশুভ শক্তির বিরুদ্ধে কোন পদক্ষেপ নিলে মুক্তিযুদ্ধের পক্ষের শিক্ষকরা তার প্রতি সমর্থন জানাবে।

চলমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে গতকাল (রবিবার) সন্ধ্যায় আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্যালয়ে এই মতবিনিময় অনুষ্ঠিত হয়। আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি আমীর

৮-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## আওয়ামী লীগ

প্রথম পৃষ্ঠার পর

হোসেন আমুর সভাপতিত্বে অনুষ্ঠিত এই মতবিনিময় সভায় বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এ কে আজাদ চৌধুরী, প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক শাহাদাত আলী, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আমিনুল ইসলাম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আব্দুল মান্নান, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এম আমিনুল ইসলাম, কলেজ/বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ম, আখতারুজ্জামান, সাধারণ সম্পাদক মোঃ শাজাহান, বাংলাদেশ শিক্ষক সমিতির হেনা দাস ও আবু বকর সিদ্দিক, সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি মতিউর রহমান, প্রাথমিক শিক্ষক ঐক্য পরিষদের সুফিয়া খাতুন, অধ্যাপক আব্দুল মান্নান চৌধুরী, ডঃ হারুনুর রশিদ প্রমুখ।

আওয়ামী লীগ নেতৃবৃন্দের মধ্যে আমীর হোসেন আমু, সাজেদা চৌধুরী, আব্দুর রাজ্জাক ও মোহাম্মদ নাসিম বক্তব্য রাখেন। এছাড়াও উপস্থিত ছিলেন ডঃ মোহাম্মদ সেলিম, মতিয়া চৌধুরী, আজিজুর রহমান, ওবায়দুল কাদের, আব্দুল মান্নান, নূরুল ইসলাম নাহিদ, মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, মুকুল বোস, সিদ্দিকুর রউফ খান, অধ্যাপক ফজলুল হক, হাবিবুর রহমান খান প্রমুখ।

সভায় দেশের সার্বিক পরিস্থিতি নিয়ে আলোচনাকালে সকলেই ঐকমত্য পোষণ করেন যে, দেশের গণতান্ত্রিক ব্যবস্থা ও স্থিতিশীলতা বিনষ্টের জন্য ইস্যুবিহীন হরতাল ও বিশৃংখলা সৃষ্টির মাধ্যমে বিরোধী দল দেশকে সংকটের মধ্যে ঠেলে দিতে চায়। কিন্তু জনগণের অধিকার নস্যাৎ করার কোন ষড়যন্ত্র সফল হবে না। দেশবাসী ঐক্যবদ্ধভাবে গণতন্ত্র ও স্থিতিশীলতা রক্ষা করবে এবং বিরোধী দলের ষড়যন্ত্র নস্যাৎ করে দেবে।

সভায় সকলে ঐকমত্য পোষণ করেন যে, যে কোন সমস্যা সমাধানের জন্য আলাপ-আলোচনাই সঠিক পথ। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিরোধী দলের সাথে আলোচনার যে উদাত্ত আহবান জানিয়েছেন তার ভিত্তিতে আলোচনায় এগিয়ে আসার জন্য বিরোধী দলের প্রতি আহবান জানানো হয়।